

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
শাখা-১ (প্রশাসন ও অর্থ)  
[www.moedu.gov.bd](http://www.moedu.gov.bd)

স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪০.২৫.০৪০.১৭-


তারিখ : ২৩ জৈষ্ঠ ১৪২৪  
০৬ জুন ২০১৭

প্রজ্ঞাপন

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড-এর চেয়ারম্যান প্রফেসর এ, কে, এম ছায়েফ উল্যা-কে ১৩/০৬/২০১৭ খ্রিঃ তারিখ হতে ০২/০৭/২০১৭ খ্রিঃ পর্যন্ত ২০ দিন অথবা ছুটি ভাগের তারিখ হতে ২০ (বিশ) দিন বহিঃ বাংলাদেশ গমনের ছুটি মঞ্জুরসহ নিম্নোক্ত শর্তে পবিত্র ওমরা পালন ও মসজিদে নববীতে ইতেকাফ পালনের উদ্দেশ্যে সৌদি আরব গমনের অনুমতি প্রদান করা হল :

শর্তাবলী

- ক) এ ভ্রমণের সমস্ত ব্যয়ভার তিনি নিজে বহন করবেন এবং ভ্রমণের সার্বিক ব্যয়ের পরিমাণ আয়কর হিসাব বিবরণীতে উল্লেখ করতে হবে;
- খ) এ ভ্রমণে বাংলাদেশ সরকারের কোন প্রকার আর্থিক সংশ্লেষ থাকবে না;
- গ) বিদেশে উক্ত সময় শেষ হওয়ার সাথে সাথে দেশে প্রত্যাবর্তন করে কাজে যোগদান করবেন;
- ঘ) কোন বিদেশী মুদ্রায় বেতন ও ভাতা বা তাঁর অংশ বিশেষ গ্রহণ করা যাবে না ;
- ঙ) উক্ত সময় অর্ধগড় বেতনে অর্জিত ছুটি হিসেবে গণ্য হবে; এবং
- চ) এক্ষেত্রে ছুটি সংক্রান্ত অন্যান্য বিধানাবলি প্রযোজ্য হবে।



(মোহাম্মদ শহীদুল্লাহ)

সহকারী সচিব

ফোন : ৯৫৭৫৮০৭

sec1tmed@gmail.com


প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
শিক্ষা মন্ত্রণালয়  
৪৫, পুরানা পল্টন, ঢাকা।

স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪০.২৫.০৪০.১৭- ৬৩৭

তারিখ : ২৩ জৈষ্ঠ ১৪২৪  
০৬ জুন ২০১৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হ'ল।

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন/মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা।
- ৩। পরিচালক (কনসুলার), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ৪। যুগ্মসচিব (প্রশাসন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ৫। পরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
- ৮। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা।
- ১০। অফিস কপি।



(মোহাম্মদ শহীদুল্লাহ)

সহকারী সচিব